

তারিখ: ০৭/০৮/২০২৩ খ্রি.

**২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য অনলাইনে আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি**

রাঙ্গামাটি সরকারি কলেজে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণিতে ভর্তির জন্য অনলাইনে ([www.xiclassadmission.gov.bd](http://www.xiclassadmission.gov.bd)) ওয়েবসাইটের মাধ্যমে আবেদন করতে হবে। শিক্ষার্থীকে নিম্নোক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে অনলাইনে আবেদন করার জন্য নির্দেশ দেয়া গেল। ভর্তি সংক্রান্ত সকল তথ্য কলেজের ওয়েবসাইট ([www.rangamaticollege.gov.bd](http://www.rangamaticollege.gov.bd)) এবং নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।

**১। ভর্তির যোগ্যতা ও গ্রুপ নির্বাচন:**

১.১ ২০২১, ২০২২ ও ২০২৩ সালের যে কোন শিক্ষা বোর্ড অথবা বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণিতে ভর্তির যোগ্য বিবেচিত হবে।

১.২ বিদেশি কোন বোর্ড থেকে সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা ঢাকা শিক্ষা বোর্ড কর্তৃক সনদের মান নির্ধারণের পরে দফা ১.১ এর অধীনে ভর্তির জন্য যোগ্য বিবেচিত হবে।

১.৩ আবেদনের জন্য ন্যূনতম জিপিএ: বিজ্ঞান গ্রুপে- জিপিএ ৪.০০, ব্যবসায় শিক্ষা গ্রুপে- ৩.৭৫ এবং মানবিক গ্রুপে- ৩.২৫ প্রাপ্ত হতে হবে।

**১.৪ নিম্নরূপ গ্রুপ নির্বাচন করতে পারবে:**

(ক) বিজ্ঞান গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপের যে কোন একটি;

(খ) মানবিক গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপের যে কোন একটি;

(গ) ব্যবসায় শিক্ষা গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী ব্যবসায় শিক্ষা ও মানবিক গ্রুপের যে কোন একটি।

(ঘ) মাদ্রাসা বোর্ডের বিজ্ঞান গ্রুপ থেকে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপের যে কোন একটি এবং সাধারণ ও মুজাব্বিদ মাহির গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী ব্যবসায় শিক্ষা ও মানবিক গ্রুপের যে কোন একটি।

**২। প্রার্থী নির্বাচনে অনুসরণীয় পদ্ধতি:**

২.১ ভর্তির জন্য কোন বাছাই বা ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে না। কেবল এসএসসি বা সমমান পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ভর্তি করা হবে।

২.২ মোট আসনের ৯০% আসন মেধার ভিত্তিতে নির্বাচন করা হবে। শিক্ষা কোটায় ২%, মুক্তিযোদ্ধা কোটার জন্য ৫% সংরক্ষিত থাকবে। উপর্যুক্ত কোটা সনাক্তকরণের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর দপ্তর প্রধান অথবা মন্ত্রণালয় হতে প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে।

২.৩ প্রবাসীদের সন্তান/বি.কে.এস.পি থেকে উত্তীর্ণ শিক্ষার্থী খেলাধুলা এবং সাংস্কৃতিক ক্ষেত্রে বিভাগীয় বা জাতীয় পর্যায়ে অসামান্য অবদানের জন্য পুরস্কারপ্রাপ্ত শিক্ষার্থী ভর্তির জন্য বোর্ডে ম্যানুয়েলি আবেদন করতে পারবে।

**৩। রাঙ্গামাটি সরকারি কলেজ EIIN: 107818**

৪। বোর্ড কর্তৃক অনুমোদিত আসন সংখ্যা: বিজ্ঞান গ্রুপ-৩৩০, মানবিক গ্রুপ- ৪১৮, ব্যবসায় শিক্ষা- ৩৬০।

৫। শিক্ষার্থীরা অনলাইনে ১৫০/- (একশত পঞ্চাশ টাকা) আবেদন ফি জমা সাপেক্ষে সর্বনিম্ন ৫টি এবং সর্বোচ্চ ১০টি কলেজের জন্য পছন্দক্রমের ভিত্তিতে আবেদন করতে পারবে। যতগুলো কলেজে আবেদন করবে তার মধ্য থেকে শিক্ষার্থীর মেধা ও পছন্দক্রমের ভিত্তিতে একটি মাত্র কলেজে তার অবস্থান নির্ধারণ করা হবে।

**৬। ভর্তির আবেদন, ফল প্রকাশ, ভর্তি ও ক্লাস শুরু:**


ক্রম নং	বিবরণ	তারিখ
৬.১	অনলাইন মাধ্যমে আবেদন গ্রহণ	১০/০৮/২০২৩ থেকে ২০/০৮/২০২৩
<b>১৫ ই আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষে অনলাইন সার্ভিস ও কল সেন্টার বন্ধ থাকবে</b>		
৬.২	ওধুমাত্র পুনর্নির্বাচন ফলাফলে পরিবর্তিত শিক্ষার্থীদের আবেদন গ্রহণ	৩১/০৮/২০২৩
৬.৩	১ম পর্যায়ের আবেদনের ফল প্রকাশ	০৫/০৯/২০২৩ (রাত ৮.০০ টায়)
৬.৪	শিক্ষার্থীর নির্বাচন নিচায়ন- শিক্ষাবোর্ড ফি ৩৩৫/- জমাদান (নিচায়ন না করলে ১ম পর্যায়ের নির্বাচন ও আবেদন বাতিল হবে এবং তাকে পুনরায় ফিসহ আবেদন করতে হবে)	০৭/০৯/২০২৩ থেকে ১০/০৯/২০২৩
৬.৫	২য় পর্যায়ের আবেদন গ্রহণ	১২/০৯/২০২৩ থেকে ১৪/০৯/২০২৩
৬.৬	পছন্দক্রম অনুযায়ী ১ম মাইগ্রেশনের ফল প্রকাশ	১৬/০৯/২০২৩ (রাত ৮.০০ টায়)
৬.৭	২য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ	১৬/০৯/২০২৩ (রাত ৮.০০ টায়)
৬.৮	২য় পর্যায়ের শিক্ষার্থীর নির্বাচন নিচায়ন- শিক্ষাবোর্ড ফি ৩৩৫/- জমাদান (নিচায়ন না করলে ২য় পর্যায়ের নির্বাচন ও আবেদন বাতিল হবে এবং তাকে পুনরায় ফিসহ আবেদন করতে হবে)	১৭/০৯/২০২৩ থেকে ১৮/০৯/২০২৩ (রাত ৮.০০ টা পর্যন্ত)
৬.৯	৩য় পর্যায়ের আবেদন গ্রহণ	২০/০৯/২০২৩ থেকে ২১/০৯/২০২৩
৬.১০	পছন্দক্রম অনুযায়ী ২য় মাইগ্রেশনের ফল প্রকাশ	২৩/০৯/২০২৩ (রাত ৮.০০ টায়)
৬.১১	৩য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ	২৩/০৯/২০২৩ (রাত ৮.০০ টায়)
৬.১২	৩য় পর্যায়ের শিক্ষার্থীর নির্বাচন নিচায়ন- শিক্ষাবোর্ড ফি ৩৩৫/- জমাদান (নিচায়ন না করলে ৩য় পর্যায়ের নির্বাচন ও আবেদন বাতিল হবে)	২৪/০৯/২০২৩ থেকে ২৫/০৯/২০২৩
৬.১৩	ভর্তি	২৬/০৯/২০২৩ থেকে ০৫/১০/২০২৩
<b>২৮ সেপ্টেম্বর ইদ-এ-মিলাদুন্নবী উপলক্ষে অনলাইন সার্ভিস ও কল সেন্টার বন্ধ থাকবে</b>		
৬.১৪	ক্লাস শুরু	০৮/১০/২০২৩

প্রয়োজনে: ১। জনাব নাজিম উদ দৌলাহ- মোবাইল: ০১৭১২০৭২৬৯৩


২। জনাব দীপক কুমার আচার্য- মোবাইল: ০১৭১৫৪৪৩০২৬

৩। জনাব মোঃ আকরামুল হক- মোবাইল: ০১৭১৮৪৪৬৪৯৪

৪। জনাব আশিক সিকদার- মোবাইল: ০১৮১২৯৩৪৭৪১

  
(প্রফেসর তুষার কান্তি বড়ুয়া)  
অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ  
রাঙ্গামাটি পার্বত্য জেলা

  
৭/৮/২০২৩  
আহ্বায়ক

একাদশ শ্রেণি ভর্তি কমিটি/২০২৩-২৪  
রাঙ্গামাটি সরকারি কলেজ